

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.২২৭

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮

০৩ মার্চ ২০২২

বিষয়: চলমান খাতসমূহে বোরো'২১ সিদ্ধ চাল বিলি-বিতরণ নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৪/০২/২০২২ খ্রি. তারিখের সাপ্তাহিক মজুত প্রতিবেদন অনুযায়ী সরকারি গুদামে ৬,২১,৩৬৩ মে. টন বোরো'২১ সিদ্ধ চালের মজুত রয়েছে। বর্তমানে খাদ্যবান্ধবসহ বিভিন্নখাতে খাদ্যশস্য বিতরণ চলমান রয়েছে। আন্তঃবিভাগীয় ওয়ারেন্টি নিশ্চিতকরণের লক্ষ্যে বিলি-বিতরণ কার্যক্রমে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) যেসকল জেলা/বিভাগের এলএসডি/সিএসডিসমূহে মে, ২০২২ মাস পর্যন্ত বিলি-বিতরণ করে বোরো'২১ সিদ্ধ চাল উদ্বৃত্ত থাকবে সেসকল এলএসডি/সিএসডিসমূহ হতে ঘাটতি জেলা/বিভাগের এলএসডি/সিএসডিসমূহে ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে বোরো'২১ সিদ্ধ চালের সূচি জারি করে চলমান খাতসমূহে বিলি-বিতরণ নিশ্চিত করতে হবে। এরপরও কোন জেলার এলএসডি/সিএসডিসমূহে বিলি-বিতরণের জন্য বোরো'২১ সিদ্ধ চালের প্রয়োজন হলে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অত্র দপ্তরে চাহিদা প্রেরণ করতে হবে।

(খ) আগামী এপ্রিল'২২ মাস পর্যন্ত আমদানিকৃত চাল যথাযথ পরিচর্যার মাধ্যমে গুদাম সংরক্ষণ করতে হবে। বোরো'২১ সিদ্ধ চালের মজুত নিঃশেষ সাপেক্ষে মে'২০২২ মাস থেকে আমদানিকৃত চাল বিলি-বিতরণ করা যাবে। তবে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সদ্য সংগৃহীত আমন'২১-২২ সিদ্ধচাল কোন খাতে বিলি-বিতরণ করা যাবে না। তবে ওয়ারেন্টি শিথিলযোগ্য খাতসমূহের ক্ষেত্রে এ নির্দেশনা প্রযোজ্য হবে না।

উপরোক্ত নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৫-৩-২০২২

ড. এস এম মুহসিন

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০৬৯৬

ফ্যাক্স: +৮৮-০২-৪১০৫০৬৯৪

ইমেইল: dmss@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.২২৭/১(৫)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৮

০৩ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....



৫-৩-২০২২

ড. এস এম মুহসিন

পরিচালক